

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কলারোয়া, সাতক্ষীরা।



বাংলাদেশের অভ্যন্তরে করোনা ভাইরাস প্রতিরোধ সংক্রান্ত উপজেলা কমিটির সভার কার্যবিবরণীঃ

তারিখ : ২৪ মে ২০২০।
সময় : বেলা ১০.৩০ টা।
স্থান : উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ, কলারোয়া, সাতক্ষীরা।
সভাপতি : জনাব মৌসুমী জেরীন কাণ্ঠা
উপজেলা নির্বাহী অফিসার
কলারোয়া, সাতক্ষীরা।

সভায় উপস্থিত সদস্যগণের হাজিরা সংশ্লিষ্ট নথিতে সংরক্ষিত।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতঃপর জানানো হয় যে, করোনা ভাইরাস সংক্রান্ত পরিস্থিতি পর্যালোচনা করা হয়। কমিটির সদস্য-সচিব ও উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, কলারোয়া জানান যে, ইতোমধ্যে কলারোয়া স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার করোনা পজিটিভ হিসেবে চিহ্নিত হয়েছেন। ফলে স্বাস্থ্য কমপ্লেক্সের কার্যক্রম পরিচালনার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা প্রয়োজন মর্মে অবহিত করেন। তাছাড়া হাসপাতালে একটি এ্যাম্বুলেন্স আছে। কিন্তু জরুরী প্রয়োজনে আরো একটি এ্যাম্বুলেন্স প্রয়োজন মর্মে জানান।

এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়।


সিদ্ধান্ত :

- (০১) আবাসিক মেডিকেল অফিসার এর আইসোলেশন নিশ্চিত করতে হবে।
- (০২) বিশেষ করে আবাসিক মেডিকেল অফিসার এর সংস্পর্শে থাকা স্বাস্থ্য বিভাগের সকল ডাক্তার, নার্স, স্বাস্থ্যকর্মীসহ অন্যান্যদের দ্রুত নমুনা সংগ্রহ করে করোনা পরীক্ষা নিশ্চিত করতে হবে।
- (০৩) সাধারণ রোগী যাতে স্বাস্থ্য সেবা থেকে বাঞ্ছিত না হয় তার জন্য স্বাস্থ্য বিভাগের জরুরী/আইটডের সেবা এবং স্বাভাবিক সেবা অব্যাহত রাখতে হবে।
- (০৪) জরুরী /জটিল কোন রোগী আসলে জেলায় প্রেরণ করতে হবে।
- (০৫) কলারোয়া হাসপাতালে আরো একটি এ্যাম্বুলেন্স সরবরাহ করার ব্যবস্থা গ্রহণের জন্য কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করতে হবে।
- (০৬) লক ডাউনকৃত এলাকা/বাড়িগুলোতে পুলিশ নজরদারী বাড়ানোর জন্য অফিসার ইন-চার্জ, কলারোয়া থানাকে অনুরোধ করা হয়।
- (০৭) ইতোমধ্যে লক ডাউন/আইসোলেশনকৃত বাড়িগুলোতে নজরদারী অব্যাহত রাখতে হবে। গ্রামপুলিশদের মাধ্যমে এ নজরদারী অব্যাহত রাখার জন্য সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যনদের অনুরোধ করা হলো।

বাস্তবায়নে :

- ১) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, কলারোয়া, সাতক্ষীরা।
- ২) অফিসার-ইন-চার্জ, কলারোয়া থানা, সাতক্ষীরা।
- ৩) চেয়ারম্যান (সকল) ইউপি, কলারোয়া, সাতক্ষীরা।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ দিয়ে করোনা ভাইরাস প্রতিরোধে সার্বিক সহযোগিতার আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


24-06-2020
(মৌসুমী জেরীন কাণ্ঠা)
উপজেলা নির্বাহী অফিসার

ও
সভাপতি
করোনা ভাইরাস প্রতিরোধ কমিটি
কলারোয়া, সাতক্ষীরা।

স্মারক নং- ০৫.৮৮.৮৭৪৩.০০৮.২৭.০০২.২০- ৮২৬

তারিখঃ ২৪ জুন ২০২০।

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে।

- (০১) জেলা প্রশাসক, সাতক্ষীরা।
- (০২) সিভিল সার্জন, সাতক্ষীরা।
- (০৩) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কলারোয়া, সাতক্ষীরা।
- (০৪) মেয়র, কলারোয়া পৌরসভা, কলারোয়া, সাতক্ষীরা।
- (০৫) উপজেলা অফিসার (সকল), কলারোয়া, সাতক্ষীরা।
- (০৬) চেয়ারম্যান, ইউপি (সকল), কলারোয়া, সাতক্ষীরা।